



মেডিকেল রিপোর্টের জন্য আটকে আছে ৯৬৫ মামলার তদন্ত প্রতিবেদন

চট্টগ্রাম চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট মো. রবিউল আলম জানিয়েছেন, মেডিকেল সনদ, ডিএনএ ও ফরেনসিক রিপোর্টের জন্য ৯৬৫টি মামলার তদন্ত প্রতিবেদন আটকে আছে। বুধবার (৬ মার্চ) বিকেলে চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালতের উদ্যোগে আদালতের সম্মেলন কক্ষে পুলিশ-ম্যাজিস্ট্রেটসি কনফারেন্সে এই তথ্য জানান তিনি।

কনফারেন্সে সভাপতির বক্তব্যে রবিউল আলম এসময় ৯৬৫টি মামলার তালিকা উপস্থাপন করে দ্রুততম সময়ে মেডিকেল সনদ, ডিএনএ পরীক্ষার রিপোর্ট ও ফরেনসিক রিপোর্ট দাখিলের নির্দেশ দেন। পাশাপাশি, তিনি চট্টগ্রাম পরিবেশ অধিদপ্তরকেও পরিবেশ আইন প্রয়োগে তৎপর হওয়ার আহ্বান জানান।

প্রধান অতিথির বক্তব্যে চট্টগ্রামের বিজ্ঞ মহানগর দায়রা জজ জনাব ড. বেগম জেবুননেছা মামলার তদন্তে শুধুমাত্র আসামীর দোষ স্বীকারোক্তিমূলক জবানবন্দির উপর নির্ভর না করে তদন্তে তথ্য-প্রযুক্তি ব্যবহারের উপর গুরুত্বারোপ করেন।

কনফারেন্সে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চট্টগ্রামের মহানগর দায়রা জজ ড. বেগম জেবুননেছা। উপস্থিত ছিলেন, চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষের স্পেশাল ম্যাজিস্ট্রেট বেগম তাহমিনা আফরোজ চৌধুরী, চট্টগ্রাম সিটি কর্পোরেশনের স্পেশাল ম্যাজিস্ট্রেট মনীষা মহাজন, চট্টগ্রামের বিজ্ঞ অতিরিক্ত মহানগর পাবলিক প্রসিকিউটর দুলাল চন্দ্র দেবনাথসহ চট্টগ্রাম সিএমএম কোর্টে কর্মরত বিজ্ঞ ম্যাজিস্ট্রেটবৃন্দ, জেলা প্রশাসন, পিবিআই, সিআইডি, ডিবি, ট্যুরিস্ট পুলিশ, শিল্পাঞ্চল পুলিশ, কারা প্রশাসন, স্বাস্থ্য ও ফরেনসিক মেডিসিন, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, পরিবেশ অধিদপ্তর, বিটিসিএল, সমাজ সেবা অধিদপ্তরের প্রতিনিধিবৃন্দ।



### **Investigation reports of 965 cases pending for medical report**

Chattogram Chief Metropolitan Magistrate Mr Md. Rabiul Alam said that investigation reports of 965 cases are pending for medical certificate, DNA and forensic report. He gave this information at the police-magistracy conference organized by the Chief Metropolitan Magistrate's Court on Wednesday afternoon (March 6) in the conference room of the court.

Mr. Md. Rabiul Alam presented a list of 965 cases and ordered to submit medical certificate, DNA test report and forensic report as soon as possible. Besides, he called upon the Chittagong Environment Department to be active in the enforcement of environmental laws.

In the speech of the chief guest, learned Metropolitan Sessions Judge of Chittagong Mr. Dr. Begam Zebunnesa emphasized on the use of information technology in the investigation of the case not relying only on the confessional statement of the accused.

Chittagong Metropolitan Sessions Judge Dr. Begam Zebunnesa was present as the chief guest at the conference. Chittagong Development Authority Special Magistrate Begum Tahmina Afroz Chowdhury, Chittagong City Corporation Special Magistrate Monisha Mahajan, Chittagong Additional Metropolitan Public Prosecutor Dulal Chandra Debnath along with learned magistrates working in Chittagong CMM Court, District Administration, PBI, CID, DB, Tourist Police, Industrial Police, representatives from Police, Prison Administration, Health and Forensic Medicine, Narcotics Control Directorate, Environment Directorate, BTCL, Social Services Directorate were present.